

এসএসসি ও সমমান পরীক্ষা শুরু আজ, পরীক্ষার্থী কমেছে অর্ধলাখ



ছবি: ফাইল

সারিবর নেওয়াজ

প্রকাশ: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ | ০৬:৫০ | আপডেট: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ | ০৭:৫৭

(-) (অ) (+)

২০২৪ সালের মাধ্যমিক (এসএসসি) ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আজ বৃহস্পতিবার। গত বছরের চেয়ে এবার মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা প্রায় অর্ধলাখ কমে গেছে। একই সঙ্গে কমেছে পরীক্ষার কেন্দ্র ও অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সংখ্যাও। দেশের ১১টি শিক্ষা বোর্ডের অধীনে গত বছর মাধ্যমিক ও সমমান পরীক্ষায় অংশগ্রহণ করেছিল ২০ লাখ ৭২ হাজার ১৬৩ জন পরীক্ষার্থী। এবার পরীক্ষা দিবে ২০ লাখ ২৩ হাজার ১৯২ জন। এক বছরের ব্যবধানে মাধ্যমিকে পরীক্ষার্থীর সংখ্যা কমেছে ৪৭ হাজার ৯৭১ জন। সংখ্যাটি বেশ বড়। গত বছরের চেয়ে ছাত্র কমেছে ২৮ হাজার ৩১৯ জন এবং ছাত্রী ১৯ হাজার ৬৫২ জন। শুধু তাই নয়, সারাদেশে এসএসসি ও সমমান পরীক্ষার কেন্দ্র সংখ্যা কমেছে ১১০টি এবং অংশগ্রহণকারী শিক্ষাপ্রতিষ্ঠান কমেছে ৬৩টি।

এক বছরের ব্যবধানে হঠাতে কেন মাধ্যমিকে পরীক্ষার্থীর সংখ্যা এত কমেছে- খোঁজ নিয়ে জানা গেল, অনিয়মিত শিক্ষার্থীর সংখ্যা এবার বিপুল সংখ্যায় কমে গেছে। ফলে বেশির ভাগ নিয়মিত পরীক্ষার্থী নিয়েই আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে এসএসসি ও সমমান পরীক্ষা।

UNIBOTS



-0:00

পরীক্ষার্থী কমার বিষয়ে সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. রমা বিজয় সরকার সমকালকে বলেন, গত তিন বছরে মাধ্যমিক পরীক্ষায় বেশির ভাগ শিক্ষার্থীই পাস করে গেছে। অনিয়মিত পরীক্ষার্থী এবার সেভাবে নেই বললেই চলে। তাই পরীক্ষার্থী কম মনে হচ্ছে।

তিনি উদাহরণ দিয়ে বলেন, গত তিন বছরের মধ্যে ২০২১ সালে ৯৫ দশমিক ২৬ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। ওই বছর মাত্র তিন পত্রে পরীক্ষা নেওয়া হয়েছিল। পরের বছর ৮৫ দশমিক ৯৫ ভাগ পরীক্ষার্থী পাস করে। ওই বছরও পূর্ণ নম্বরে পরীক্ষা অনুষ্ঠিত হয়নি, ৫০ নম্বরে পরীক্ষা হয়েছে। আর গত বছর ৭৮ দশমিক ৬৪ ভাগ শিক্ষার্থী পাস করেছে। তিন বছরে অকৃতকার্যের সংখ্যা কমে যাওয়ায় এ বছর অনিয়মিত পরীক্ষার্থীর সংখ্যাও কম।

একই অভিমত দেন ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকারও। তিনি বলেন, প্রতিবছর নিয়মিত পরীক্ষার্থীদের সঙ্গে অনিয়মিত পরীক্ষার্থীর সংখ্যা যোগ হওয়ায় মোট পরীক্ষার্থী বেড়ে যায়। এবার সেটি কম।

আন্তঃশিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, এ বছর ১১টি শিক্ষা বোর্ডের অধীনে ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ৯ লাখ ৯২ হাজার ৮৭৮ এবং ছাত্রী ১০ লাখ ৩১ হাজার ৩১৪ জন। সারাদেশে ২৯ হাজার ৭৩৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ৩ হাজার ৭০০ কেন্দ্রে পরীক্ষা দেবে।

এর মধ্যে এসএসসিতে ৯ বোর্ডের অধীনে ১৬ লাখ ৬ হাজার ৮৭৯ জন পরীক্ষার্থী এবং দাখিলে ২ লাখ ৪২ হাজার ৩১৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল পরীক্ষা দেবে ১ লাখ ২৬ হাজার ৩৭৩ জন।

এর বাইরে, ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে বিদেশের মাটিতে আটটি কেন্দ্রেও এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেন্দ্রগুলো হলো- জেন্দা, রিয়াদ, ত্রিপলি, দোহা, আবুধাবি, দুবাই, বাহরাইন ও ওমান। এসব কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ৩৫২ জন।

আন্তঃশিক্ষা বোর্ড সূত্র জানায়, দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের মধ্যে সবচেয়ে বেশি পরীক্ষার্থী এবার ঢাকা বোর্ডে ৪ লাখ ৪ হাজার ৬৩৭ জন। আর সবচেয়ে কম বারিশাল বোর্ডে ৮৮ হাজার ৫৮৬ জন।

এ বছর পূর্ণাঙ্গ সিলেবাসে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। এরই মধ্যে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল জানিয়েছেন, পরীক্ষার্থীদের ভোগান্তির কথা চিন্তা করে তিনি কোনো কেন্দ্র পরিদর্শন করবেন না।